



সহিংসতার জবাব সহিংসতাতেই দেওয়া হবে: মাহফুজ আলম



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা মাহফুজ আলম বলেছেন, দেশের বর্তমান পরিস্থিতি ভয়াবহ সংকটের দিকে যাচ্ছে। হামলা বা প্রাণহানির ঘটনা ঘটলে পাল্টা প্রতিরোধ হবে বলে তিনি হুঁশিয়ারি দিয়েছেন। দেশের স্বার্থবিরোধী শক্তিকে আর ছাড় দেওয়া হবে না বলেও জানান তিনি।

সোমবার (১৫ ডিসেম্বর) ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে ইনকিলাব মঞ্চ আয়োজিত সর্বদলীয় প্রতিরোধ সমাবেশে বক্তব্য দেন মাহফুজ আলম। সেখানে তিনি বলেন, দেশের ভেতরে ও বাইরে থেকে পরিকল্পিতভাবে অস্থিরতা তৈরির চেষ্টা চলছে, যা কোনোভাবেই মেনে নেওয়া হবে না।

তিনি অভিযোগ করেন, আইনের ফাঁক গলে কিছু ব্যক্তি দেশ ছেড়ে বিদেশে গিয়ে সন্ত্রাসে উসকানি দিচ্ছে এবং দেশে হামলার পেছনে মদদ দিচ্ছে। এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর অবস্থানের ঘোষণা দিয়ে তিনি বলেন, দেশের নিরাপত্তা বিঘ্নিত হলে শত্রুপক্ষও নিরাপদ থাকবে না—এটাই বাস্তবতা।

মাহফুজ আলম আরও বলেন, অতীতে সংযম দেখানো হয়েছে বলেই কিছু গোষ্ঠী আবার মাথাচাড়া দিয়ে উঠেছে। সেই ভুল আর করা হবে না বলে জানান তিনি। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেন, যদি দেশের রাজনৈতিক ও সামাজিক লড়াই দেশের সীমানা ছাড়িয়ে যায়, তবে মুক্তির সংগ্রামও আন্তর্জাতিক পর্যায়ে বিস্তৃত হবে।